অতিরিক্ত আইজিপি হলেন ঝিনাইদহের কৃতি সন্তান শাহাবুদ্দিন খান

বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার থেকে পদোন্নতি পেয়ে অতিরিক্ত পুলিশ মহা পরিদর্শক (গ্রেড-২) হলেন ঝিনাইদহ শৈলকুপার কৃতি সন্তান শাহাবুদ্দিন খান (বিপিএম)।

জানা যায়, তিনি ১৯৬৪ সালের ১১ জুন ঝিনাইদহের শৈলকুপা উপজেলার হাতেমপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ঐ গ্রামের মরহুম আকবর আলী খানের ২য় পুত্র।

শৈলকুপা পাইলট উচ্চ বিদ্যালয় থেকে ১৯৮২ সালে কৃতিত্বের সাথে এস এস সি, ১৯৮৪ সালে শৈলকুপা ডিগ্রি কলেজ থেকে এইচএসসি এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন।

১৯৯৫ সালের ১৫ নভেম্বর ১৫ তম বিসিএস এ তিনি সহকারী পুলিশ সুপার হিসেবে বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করেন। তিনি কুষ্টিয়া, নারায়নগঞ্জ, মুন্সগঞ্জ, রাজশাহী, নরসিংদী জেলার পুলিশ সুপার হিসেবে কর্মরত ছিলেন।

এছাড়াও তিনি র্যাব-১২,র্যাব- ৪ ও র্যাব- ১০ এর পরিচালক হিসেবে সুনামের সহিত দায়িত্ব পালন করেছেন।চৌকস এ পুলিশ কর্মকর্তা শান্তিরক্ষা মিশনে কসোভোতে দায়িত্ব পালন করেছেন।

কালীগঞ্জে দুই ইউপি সদস্য ইয়াবাসহ আটক

ঝিনাইদহ জেলা ডিবি পুলিশের মাদক বিরোধী বিশেষ অভিযানে কালীগঞ্জ হতে ১২৫ পিচ ইয়াবাসহ কালীগঞ্জ উপজেলার কাষ্টভাঙা ইউনিয়নের দুই জন ইউপি সদস্য (মেম্বার) কে আটক করে।

গত বৃহস্পতিবার রাত ৯ টার সময় পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামের নির্দেশনায় জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ আনোয়ার হোসেনের নেতৃত্বে এসআই আবুজার গিফারি সংগীয় ফোর্সসহ কালীগঞ্জ থানা এলাকায় মাদকদ্রব্য উদ্ধার ও অভিযান চালায়।

অভিযান পরিচালনাকালে মাদকদ্রব্য বিক্রয়ের কথা জানতে পেরে রাতে কালীগঞ্জ বাসস্ট্যান্ড পাকা রাস্তার উপর থেকে উপজেলার ১০ নং ইউনিয়নের ঘোপপাড়া গ্রামের ৬নং ওয়ার্ডের ইউপি সদস্য সামছুদ্দিন বিশ্বাসের ছেলে মেম্বর টিপু সুলতান (৪০) এবং একই ইউনিয়নের তেতুলবাড়িয়া গ্রামের ৫নং ওয়ার্ডের ইউপি সদস্য আতিয়ার রহমানের ছেলে মেম্বর রাশেদুল ইসলাম (৩৮) কে একশত পঁচিশ পিচ ইয়াবাসহ আটক করেন।

এবিষয়ে ডিবির এসআই আবুজার গিফারি বাদী হয়ে মাদক আইনে কালীগঞ্জ থানায় মামলা দায়ের করেন।

কালীগঞ্জে করোনা সচেতনতায় ৫টি মামলায় জরিমানা আদায়

ঝিনাইদহের কালীগঞ্জে মুখে মাস্ক না থাকা ও করোনার স্বাস্থ্যবিধি প্রতিপালন জোরদার করতে ৫টি মামলায় ২৫শ টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার বিকালে কোভিড-১৯ এর বিস্তার রোধে স্বাস্থ্যবিধি প্রতিপালন জোরদার করতে কালীগঞ্জ উপজেলা সহকারী কমিশনার(ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ হাবিবুল্লাহ এর পরিচালনায় কালীগঞ্জ পৌর শহরের মুধুগঞ্জ বাজার সহ বিভিন্ন স্থানে মোবাইল কোর্ট পরিচালনা ও মাস্ক বিতরণ করা হয়েছে।

নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুল্লাহ জানায়,এ মোবাইল কোর্ট পরিচালনাকালীন সময়ে মুখে মাস্ক না থাকায় ও করোনা মহামারির স্বাস্থ্যবিধি না মানার দায়ে ৫টি মামলায় ২৫০০ টাকা অর্থদণ্ড আদায় করা হয় ও সাধারণ পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করা হয়েছে। তিনি

আরো বলেন, কোভিড-১৯ এর বিস্তার রোধে এ অভিযান আরো জোরদার করা হবে এবং অভিযান অব্যাহত থাকবে। সেজন্য ঘরের বাইরে বের হলে সবাইকে মুখে মাস্ক পরা সহ সরকারি সকল স্বাস্থ্যবিধি নির্দেশনা মেনে চলার আহবান জানায়।

এ অভিযানে কালীগঞ্জ থানাপুলিশ সদস্য উপস্থিত ছিলেন।

কালীগঞ্জে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে রং মিস্ত্রির মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে বিদ্যুৎস্পৃষ্টে নাইম হোসেন (১৮) নামে এক রংমিস্ত্রির মৃত্যু হয়েছে। এ সময় তুষার হোসেন নামে আরও এক রংমিস্ত্রি আহত হয়েছেন।

বৃহস্পতিবার দুপুর দেড়টায় দিকে উপজেলার আড়পাড়া এলাকায় এ ঘটনা ঘটে। নিহত নাইম হোসেন উপজেলার কাদিরকোল গ্রামের নজরুল ইসলামের ছেলে ও আহত তুষার হোসেন একই গ্রামের আলহাজ বিশ্বাসের ছেলে।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, বৃহস্পতিবার দুপুরে শহরের আড়পাড়া এলাকার নদীপাড়ায় একটি বাড়িতে রংয়ের কাজ করছিল। এ সময় বাড়িটির পাশ দিয়ে যাওয়া ৩৩ কেভি ভোল্টের তারে স্পর্শ লাগে তাদের। এ সময় বিদ্যুৎস্পৃষ্টে দুই রংমিস্ত্রি গুরুতর আহত হন। তাদের উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়ার পথে নাইম হোসেন মারা যান।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক ডা. সুমাইয়া আফরিন জানান, হাসপাতালে নিয়ে আসার আগেই নাইম হোসেন মারা যান। এছাড়া আহত তুষারের অবস্থাও আশঙ্কাজনক হওয়ায় তাকে যশোরে রেফার্ড করা হয়েছে।

মানুষকে সচেতন করতে পথে,পথে ঘুরছেন হরিণাকুণ্ডুর এসিল্যান্ড

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা বাসীদের করোনা ভাইরাসের ছোবল থেকে রক্ষায় সচেতন করতে বিভিন্ন গ্রামের বাজারে বাজারে, পথে পথে , ঘুরে ফিরছেন উপজেলা সহকারী (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সেলিম আহমেদ।

গত বুধবার দিনভর তিনি কালীশংকরপূর বাজার,ভবিতপূর বাজার,জটারখাল বাজার,জোড়াদাহ বাজার,সাতব্রীজ বাজার সহ বিভিন্ন গ্রামের আরও বেশকয়টি বাজারে ঘুরে ঘুরে ওমিক্রনের হাত থেকে রক্ষা পেতে হলে মাস্ক পরিধান করাসহ, সাবান দিয়ে হাত ধোয়া,সামাজিক দুরত্ব বজায় রাখাতে উপস্থিত জনসাধারণকে সচেতন করছেন তিনি।

এসময় মাস্ক বিতরণ করার পাশাপাশি মাস্ক পরিধান না করার অপরাধে দুইটি মামলায় অর্থদন্ড প্রদান করেন।

একই দিনে তিনি উপজেলার কালীশঙ্করপূর ও ভবিতপূর গ্রামে কৃষি জমির উর্ব্বরতা,শ্রেণী রক্ষায়,জমি খননকরে মাটি স্থানান্তরিত করা ঠেকাতে অভিযান পরিচালনা করেন এ সময় কাউকে সরেজমিনে পাওয়া না যাওয়ায় মাটি কেটে তালা ড্রেজার মেশিনের ব্যাটারী ঘটনাস্থলেই ধ্বংস করেন।

একই সময়ে তিনি এলাকাবাসীকে কৃষিজমি নষ্ট করে, খনন করলে জমির উর্ব্বরতা হারানোর পাশাপাশি কৃষি জমির পরিমান কমতে থাকে জানিয়ে জমি খনন করে মাটি স্থানান্তরিত করা থেকে বিরত থাকতে আহব্বান জানান।

ঔষধ প্রশাসনের দেশসেরা সহকারি পরিচালক নাজমুল হাসান

ওষুধের গুণগত মান নিশ্চিত করাসহ সামগ্রিক কর্মকান্ডের জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের যশোর কার্যালয়ের সহকারি পরিচালক নাজমুল হাসান দেশ সেরা কর্মকর্তা নির্বাচিত হয়েছেন।

গত বুধবার জুম অ্যাপসের মাধ্যমে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় ঔষধ প্রশাসন অধিদপ্তরের মহা পরিচালক মেজর জেনারেল মাহবুবুর রহমান ডিসেম্বর মাসের সেরা কর্মকর্তা হিসেবে তার নাম ঘোষণা করেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আলোকে সহকারি পরিচালক নাজমুল হাসান যশোর জেলায় অনবদ্য নৈপুণ্যের জন্য দেশ সেরা বিবেচিত হন। এ মাসে তিনি ১২৪টি ফার্মেসির লাইসেন্স নবায়ন, ওষুধের মান যাচাইয়ের জন্য ৬টি নমুনা উত্তোলন করে ঢাকায় প্রেরণ করেন। একইসময় তিনি বিভিন্ন অভিযোগে বিভিন্ন প্রতিষ্ঠানকে ৩৮টি নোটিশ প্রদান, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে ৪টি এবং ড্রাগ আদালতে একটি মামলা দায়ের করেন। এ সময় তিনি এক লক্ষ ৬৫ হাজার ৫০ টাকা রাজস্ব আদায় করেন।

এর আগে ঔষধ প্রশাসন অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল মাহবুবুর রহমানের সভাপতিত্বে অধিদপ্তরের পরিচালক, উপ-পরিচালকসহ জেলা কার্যালয়ের প্রধানদের সভা অনুষ্ঠিত হয়।

উল্লেখ্যঃ সহকারি পরিচালক নাজমুল হাসান ইতি পুর্বে ঝিনাইদহ ও মাগুরা জেলায় সুনামের সাথে নিরলস ভাবে দায়িত্ব পালন করেছেন।

হরিণাকুণ্ডুতে ৮বিঘা জমির পানের বরজ পুড়ে ছাই

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার গুড়পাড়া ভাতুড়িয়া গ্রামের ৮বিঘা জমির পানের বরজ পুড়ে ছাই হয়ে গেছে। বৃহস্পতিবার দুপুর আড়াই দিকে

পানের বরজে কাজ করতে আসা কোন শ্রমিকের সিগারেটের আগুন থেকে ঘটনাটি ঘটেছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

আগুন লাগার কিছুক্ষণের মধ্যে গ্রামের লোক জানাজানি হলে মাইকে ঘোষণা দেওয়ায় সবাই দৌড়ে এসে আগুন নেভাতে চেষ্টা করে, এতে ক্ষয়-ক্ষতির পরিমান কিছুটা কম হয়েছে। পরে হরিণাকুণ্ডু থেকে ফায়ার সার্ভিসের একটি ইউনিট এসে পুরা আগুন নিয়ন্ত্রণ করে।

হরিণাকুণ্ডু ফায়ার সার্ভিসের দায়িত্বশীল সূত্রে জানা যায়, পান বরজে কাজ করা কোন শ্রমিকের বিড়ি-সিগারেটের আগুন থেকে এই আগুনের সুত্রপাত হতে পারে বলে প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে। তবে বিষয়টি খতিয়ে দেখবে বলে তারা জানান।

আগুনে গুড়পাড়া ভাতুড়িয়া গ্রামের মৃত নজির মোল্লার ছেলে আজিমুদ্দীনের ১৫শতক, বজলুর রহমানের ছেলে ফারুক হোসেনের ১৪ শতক, তফেজ মন্ডলের ছেলে রবিউল ইসলামের ২০শতক, নুরুল ইসলামের ছেলে মমিন মন্ডলের ১৬ শতক, মৃত আলাল সর্দ্দারের ছেলের বকুল সর্দ্দারের ২৩ শতক, মৃত আমোদ আলী মন্ডলের ছেলে জাহিদুল ইসলামের ১৮শতক, মৃত সমশের বিশ্বাসের ছেলে রফিউদ্দীন বিশ্বাসের ১৫শতক, মৃত জলিল মন্ডলের ছেলে মন্টু মন্ডলের ৮ শতকসহ গ্রামের আরও বেশ কয়েকজনের প্রায় ৮ বিঘা জমির পানের বরজ পুড়ে যায়। আগুনে আনুমানিক ১৫লাখ টাকার ক্ষয় ক্ষতি হয়েছে বলে ধারণা করা হচ্ছে। ভুক্তভোগি এই পান চাষিরা সরকারের সহযোগীতা কামনা করেছেন।

এবিষয়ে ৫নং কাপাশহাটীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শরাফতদৌলা ঝন্টু বলেন, বিষয়টি আমি জানার পরেই ঘটনাস্থল পরিদর্শন করেছি, গ্রামের ১০জন কৃষকের প্রায় ৮বিঘা জমির পানেরবরজ পুড়ে ছাই হয়ে গেছে। কৃষকরা অনেক ক্ষতিগ্রস্থ হয়েছে, সাধ্যমত তাদের সহযোগীতা করা হবে বলে তিনি জানান।

ঝিনাইদহে করোনার সংক্রমন

প্রতিরোধে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা আদায়

ঝিনাইদহে করোনার সংক্রমন প্রতিরোধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেছে জেলা প্রশাসন।

বুধবার সকাল থেকে বিকাল পর্যন্ত জেলা শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে প্রায় ১ লাখ টাকা জরিমানা আদায় করা হয়।

জেলা প্রশাসক মনিরা বেগম বৃহস্পতিবার জানান, জেলায় করোনার সংক্রমন রোধে মানুষকে সচেতন করার জন্য শহরের পায়রা চত্বর, কেন্দ্রীয় বাস টার্মিনাল, আরাপপুরসহ গুরুত্বপূর্ণ ৫ টি স্থানে ভ্রাম্যমাণ আদালত বসানো হয়। এসময় মাস্ক না পরা, স্বাস্থ্য বিধি না মানার অপরাধে ৪৮৭ টি মামলায় ১ লাখ টাকা জরিমানা আদায় করে বিচারক। সেসময় মাস্কও বিতরণ করা হয় । এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে সংশ্লিস্টরা।

অভিযানে স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সালমা সেলিম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন উপস্থিত ছিলেন।

চিকিৎসার জন্য সহযোগীতা কামনা

২০২১ সালের মার্চ মাসে সড়ক দুর্ঘটনায় দিনমজুর পিতা-রুহুজ্জল হোসেন মারা যায়,মাতা-মোছাঃ রাবিয়া খাতুন,গ্রাম-জালালপুর-মালোখালীপাড়া,উপজেলা-কোটচাঁদপুর,জেলা-ঝিনাইদহ।

দিনমজুর এ পরিবারে ছোট মেয়ে তহমিনা(১০)সহ দুইটি কন্যা সন্তান রয়েছে। বড় মেয়ে ৭ম শ্রেনীতে পড়ুয়া মোছাঃ তাসমিনা(১২)। ৫বছর আগে মুখে টিউমার দেখা দেয়।

এমতাবস্থায় সম্প্রতি ইকড়া ছাত্র কল্যাণ সংঘের সাহায্য

সহযোগিতা নিয়ে শেষ পর্যন্ত ফরিদপুর বঙ্গবন্ধু মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। সেখানকার কর্তব্যরত চিকিৎসক ডাঃ শফিক-উর রহমান মাথা সিটিস্ক্যানসহ রিপোর্ট দেখে পরামর্শ দেন, এটি ক্যান্সারে রূপ নিচ্ছে। দ্রুত ঢাকাতে নিয়ে গিয়ে পর্যায়ক্রমে অপারেশন করলেই শিশুটি সম্পূর্ণরূপে সুস্থ্য হয়ে যাবে। এতে প্রায় ৬/৭ লাখ টাকার প্রয়োজন হবে। এতগুলো টাকা সংগ্রহ করা দরিদ্র মাতার পক্ষে কোনক্রমেই সম্ভব নয়। বর্তমানে খেয়ে না খেয়ে শিশুটি নিজ বাড়িতে অবস্থান করছে।

এ অবস্থায় গরীব অসহায় মা মেয়ের চিকিৎসার জন্য দেশের মাননীয় প্রধানমন্ত্রী, বিত্তশালী ব্যক্তি, প্রবাসী ব্যক্তি,এনজিও,স্থানীয় প্রশাসন,দেশ-বিদেশের দানশীলসহ সমাজের স্বহৃদয়বান মানুষের সাহায্য সহযোগীতা কামনা করেছেন। সাহায্য পাঠানোর ঠিকানাঃ শিশুটির মায়ের মোবাইল নং-০১৮৬৩-৪০২৮৫৩ এবং বিকাশ একাউন্ট নং-০১৮৭৮-৫১৫৬০৯ ।

ঝিনাইদহে ট্রাক চাপায় কলেজ শিক্ষক নিহত

ঝিনাইদহ সদর উপজেলার গান্না ইউনিয়নের মাধবপুর নামক স্থানে ট্রাক চাপায় মহিদুল ইসলাম (৫০) নামের এক কলেজ শিক্ষক নিহত হয়েছে। বুধবার দুপুরে গান্না-বাজার গোপালপুর সড়কের মাধবপুর পশু হাটের পাশে এ দুর্ঘটনা ঘটে। নিহত মহিদুল ইসলাম গান্না আলহাজ্ব মশিউর রহমান ডিগ্রি কলেজের সমাজ কল্যাণ বিভাগের শিক্ষক। তার বাড়ী পার্শবর্তী কোটচাঁদপুর উপজেলার জালালপুর গ্রামে।
গান্না বাজারের ব্যবসায়ী সোলাইমান হোসেন জানান, দুপুরে কলেজ থেকে মোটর সাইকেল যোগে মহিদুল ইসলাম বাড়ী ফিরছিল। পথে ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক তাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, লাশের ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠানোর প্রস্তুতি চলছে। এ ঘটনায়